নথি অফিসঃ ----
নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-১

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৪.৭৩.০২৬.২৩** নথির বিষয়: মড্স জোন-১ এর আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন কাজে ব্যবহারের জন্য নভেম্বর/২০২৩ইং মাসের মাস ভিত্তিক বরাক বাঁশ ক্রয় করন কাজ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **মড্স জোন-১ এর আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন কাজে ব্যবহারের জন্য নভেম্বর/২০২৩ইং মাসের মাস ভিত্তিক বরাক বাঁশ ক্রয় করন কাজ প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৪/১২/২৩ ১:১১ অপরাহ্ন

সদয় অবগতির জন্য জানানো যাইতেছে যে, মড্স জোন-১ এর আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ ওভার ফ্লো/ব্লকেজ নিরসন সহ পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন কাজে ব্যবহারের নিমিত্তে নভেম্বর/২০২৩ইং মাসের জন্য বরাক বাঁশ ক্রয় করা জরুরী। সেই বিবেচনায় আপদকালীন সময়ে পয়ঃ লাইন রক্ষণাবেক্ষন কাজের স্বার্থে উক্ত সময়ের জন্য বরাক বাঁশ ক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হইয়াছে। মডস জোন-১ এর আওতাধীন এলাকায় বিদ্যমান পয়ঃ লাইনগুলি অতি পুরাতন, যার ফলে প্রায়শঃই পয়ঃ ওভার ফ্লো/ব্লকেজ হইয়া থাকে। ইহাতে যানবাহন ও জনগনের পথ চলাচলে ভীষন অসুবিধার সৃষ্টি হয় এবং এলাকার পরিবেশ দূষিত হয়। তাই জনস্বার্থে পয়ঃ লাইন সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষন কাজের জন্য জরুরী ভিত্তিতে বরাক বাঁশ ক্রয় করা প্রয়োজন। সেই লক্ষ্যে প্রতিদিন ১.৫টি করিয়া ৩০ দিনে মোট (৩০X১.৫)=৪৫টি বাঁশ প্রয়োজন। যাহার ক্রয় মূল্য এবং ২২ গেজী জি.আই তারের মূল্য ও সরবরাহ সহ সর্বমোট টাঃ ২৪,৭৯৫/-(চব্বিশ হাজার সাতশত পঁচানব্বই) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৩-২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত কর্মপরিকল্পনার ক্রমিক নং-Q2(9) এর পয়ঃলাইন রক্ষণাবেক্ষণ খাত হইতে নির্বাহ করা হইবে। কাজটি করা অত্যন্ত জরুরী প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৩):
১। (১) ২০২৩-২৪ কর্ম পরিকল্পনার ফটোকপি।.pdf
২। নভেম্বর-২০২৩ইং মাসের খসড়া.pdf
৩। নভেম্বর-২০২৩ইং মাসের প্রক্কলন.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৪/১২/২৩ ১:১৩ অপরাহ্ন

এমতাবস্থায়, বিভাগীয় জরুরী কাজের স্বার্থে নভেম্বর/২০২৩ইং মাসের জন্য পয়ঃ লাইন ওভার ফ্লো/ ব্লকেজ নিরসন ও রক্ষনাবেক্ষন কাজের জন্য বরাক বাঁশ ক্রয়ের লক্ষ্যে প্রাক্কলিত টাঃ ২৪,৭৯৫/- (চব্বিশ হাজার সাতশত পঁচানব্বই) টাকা মাত্র এর ব্যয়ভার পি.পি.আর-২০০৮ এর ৮১/(১) এর অনুসরনে অত্র বিভাগের অনুকূলে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করার সদয় অনুমোদন দেওয়া যাইতে পারে। কাজ শেষে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হইবে।

৪/১২/২৩ ১:১৬ অপরাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১	৫/১২/২৩ ১২:২৩ অপরাহ্ন মোঃ ইমদাদুল হক সহকারী প্রকৌশলী মডস জোন-১	৫/১২/২৩ ৪:০০ অপরাহ্ন প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-১	১০/১২/২৩ ৬:২৪ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১

~~১০/১২/২৩ ৬:২৪ অপরাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান, হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৪/১২/২৩ ৪:৪৪ অপরাহ্ন

অনুমোদিত

১৫/১২/২৩ ১২:১৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)



১৭/১২/২৩ ১:১৭ অপরাহ্ন
প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-১



১৭/১২/২৩ ২:৫৩ অপরাহ্ন
মোঃ ইমদাদুল হক
সহকারী প্রকৌশলী
মডস জোন-১



১৮/১২/২৩ ৫:২০ অপরাহ্ন
মোঃ মেহেদী হাসান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১

১৮/১২/২৩ ৫:২০ অপরাহ্ন
মোঃ মমিন হোসেন
এলডিএ কাম ক্যাশিয়ার
মডস জোন-১